যুগান্তর

তারিখ 09 MAR 2015
পৃষ্ঠা ২ কলাম

# নানা আয়োজনে ঢাবিতে নারী দিবস উদযাপন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

প্রতিবাদ সমাবেশ, ছাত্রীদের আন্তঃহল ক্রিকেট প্রতিযোগিতা, আলোচনা সভাসহ নানা কর্মসূচির মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে উদ্‌যাপন করা হয়েছে আন্তর্জাতিক নারী দিবস। বিশ্ববিদ্যালয়ের উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগ, ইংরেজি বিভাগ এবং বিপ্লবী নারী সংহতি আলাদাভাবে দিবসটি পালন করে। রোববার দিবসটি পালনে বিশ্ববিদ্যালয়ের আরসি মজুমদার আর্টস মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং আলোচনার সভার আয়োজন করে ইংরেজি বিভাগ। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। বিশেষ অতিথি ছিলেন ঢাকায় ব্রিটিশ কাউন্সিলের আবাসিক প্রতিনিধি মিজ বারবারা উইকহ্যাম। এছাড়া বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা এ সময় উপস্থিত ছিলেন।

**আন্তঃহল নারী ক্রিকেট প্রতিযোগিতা** : নারী দিবস উপলক্ষে ১ মার্চ থেকে বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃহল নারী ক্রিকেট প্রতিযোগিতা। উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের উদ্যোগে এবং সেন্টার ফর মেন অ্যান্ড ম্যাসকুলিনিটিস স্টাডিজের (সিএমএমএস) সহযোগিতায় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ক্রিকেট কমিটি প্রতিযোগিতার আয়োজন করে। আজ বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে প্রতিযোগিতার চূড়ান্ত খেলা ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

**বিপ্লবী নারী সংহতির মশাল মিছিল** : নারী দিবস উপলক্ষে 'দুই শাসক শ্রেণীর ক্ষমতা দখলের সহিংসতার বলি হতে চাই না, রাজনৈতিক সংকটের সমাধান করে জানমালের নিরাপত্তা দাও' স্লোগান নিয়ে বিশ্ববিদ্যালয়ে মশাল মিছিল করেছে বিপ্লবী নারী সংহতি। রোববার বিকালে রাজু ভাস্কর্যের পাদদেশে সংক্ষিপ্ত সমাবেশ শেষে মশাল মিছিল নিয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে তারা। সংগঠনের সমন্বয়ক জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক শ্যামলী শীলের সভাপতিত্বে এবং কেন্দ্রীয় সদস্য রেবেকা নীপার পরিচালনায় সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য দেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক নাসিম আকতার হোসাইন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সামিনা লুৎফা নিত্রা, গণসংহতি আন্দোলনের কেন্দ্রীয় নেতা আবুল হাসান রুবেল প্রমুখ।